

38027 - যদি কোন নারীর মাগরিবের পাঁচ মিনিট আগে হয়ে শুরু হয় তিনি কি রোযাটি পরিপূর্ণ করবেন?

প্রশ্ন

যদি কোন নারীর মাগরিবের আযানের পাঁচ মিনিট আগে মাসিক শুরু হয়, এমতাবস্থায় তিনি কি রোযাটি পরিপূর্ণ করবেন?

প্রিয় উত্তর

যদি কোন নারীর সূর্য ডোবার পূর্বে হয়েযের স্রাব নির্গত হয়; এমনকি এক মুহূর্ত পূর্বে হলেও; তার রোযাটি নষ্ট হয়ে যাবে এবং এই দিনের রোযাটি কাযা পালন করা তার উপর ওয়াজিব হবে।

শাইখ ইবনে উছাইমীন (রহঃ) ‘মাজালিসু শাহরি রামাদান’ (পৃষ্ঠা-৩৯) বলেন:

“যদি রোযা অবস্থায় হয়েয শুরু হয়, এমনকি সেটা সূর্য ডোবার এক মুহূর্ত পূর্বে হলেও সেই দিনের রোযা নষ্ট হয়ে যাবে এবং রোযাটির কাযা পালন করা তার উপর আবশ্যিক হবে।”[সমাণ্ড]

হায়েযরত অবস্থায় রোযা রাখা তার জন্য জায়েয নয়। যদি রোযা রাখে তাহলে সেটি সঠিক হবে না।

ইবনে কুদামা (রহঃ) আল-মুগনী গ্রন্থে (৪/৩৯৭) বলেন:

“হায়েয অবস্থায় রোযা রাখা হারাম হওয়া জানা সত্ত্বেও কোন হায়েযগ্রস্ত নারী যদি রোযা রাখার নিয়ত কর; তার গুনাহ হবে এবং তার রোযাটি আদায় হবে না।”[সমাণ্ড]

আল্লাহই সর্বজ্ঞ।